দৈনিক ইত্তেফাক

তারিখ 08 AUG 1988
পৃষ্ঠা 1 কলাম 6



# শ্রমজীবী বালক বিদ্যালয় নির্মাণে প্রেসিডেন্টের নির্দেশ

বাসস জানায়, প্রেসিডেন্ট এরশাদ গতকাল (রবিবার) নারায়ণগঞ্জ সদর উপজেলাধীন পাগলার মুন্সিখোলায় শ্রমজীবী বালকদের জন্য প্রস্তাবিত একটি প্রাথমিক বিদ্যালয়ের জায়গা পরিদর্শন

(২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## প্রেসিডেন্টের নির্দেশ

(১ম পৃঃ পর)

করেন। তিনি ঐ জায়গায় অবিলম্বে স্কুলটির নির্মাণ কাজ শুরু করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন।

প্রেসিডেন্ট ইতিপূর্বে একবার নারায়ণগঞ্জ হইতে রাজধানীতে ফিরিবার পথে মুন্সিখোলায় ইট ভাঙ্গায় রত অনেক শ্রমজীবী বালক দেখিতে পাইয়া সেখানে আসেন। তাহাদের সাথে কথা বলিয়া তিনি জানিতে পারেন যে পরিবারের আর্থিক অসচ্ছলতা তাহাদেরকে জীবিকা অর্জনে বাধ্য করিয়াছে এবং এই কারণে তাহারা লেখাপড়া হইতে বঞ্চিত।

তিনি দরিদ্র শ্রমজীবী বালকদের, বিশেষত মুন্সিখোলায় ইট ভাঙ্গিয়া জীবিকা উপার্জনকারী বালকদের জন্য একটি প্রাথমিক বিদ্যালয়ের প্রয়োজনীয়তা অনুভব করিয়া উহা নির্মাণের নির্দেশ দিয়াছিলেন।

প্রেসিডেন্ট এরশাদ গতকাল একটি জীপ চালাইয়া সেখানে যান। তিনি সমবেত স্থানীয় লোকদের সহিত কথাবার্তা বলেন ও তাহাদের কুশল জিজ্ঞাসা করেন। জনসাধারণ বিশেষত দিনমজুরেরা রাষ্ট্রপ্রধানকে শুভেচ্ছা জানায়। তাহার সঙ্গে ছিলেন শিক্ষা সচিব হেদায়েত আহমেদ ও ঢাকা জেলা প্রশাসক।